

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:26-04-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Election-East Tripura :

পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনের জন্য ভোটগ্রহণ কড়া নিরাপত্তার মধ্য দিয়ে আজ সকাল ৭টা থেকে শুরু হয়েছে। চলবে বিকেল ৫টা পর্যন্ত। ভোটাররা সচিত্র পরিচয়পত্র দেখিয়ে ভোট দিতে পারবেন। এটি না থাকলেও অন্য যেকোনও স্বীকৃত ১১টি সচিত্র পরিচয়পত্র দেখিয়ে তাঁরা ভোট দিতে পারবেন। রাজ্যের ৬ টি জেলাজুড়ে এই নির্বাচন হচ্ছে। এই আসনে মোট ৯ জন প্রার্থীর ভাগ্য নির্ধারিত হবে। প্রার্থীরা হলেন - বিজেপি'র কৃতি দেবী দেববর্মা এবং ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং। তাছাড়া বাকি ৭ জন নির্দল প্রার্থী হলেন কৃষ্ণমোহন জমাতিয়া, দর্শনকুমার রিয়াং, কল্পমোহন ত্রিপুরা, শত্রুঘ্ন জমাতিয়া, অর্চনা উরাং, শিবচন্দ্র দেববর্মা ও সান্তোজয় ত্রিপুরা। নির্বাচন দপ্তর আজকের ভোটপর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। ইতোমধ্যেই বিভিন্ন বুথে ভোটারদের ব্যাপক সমাগম লক্ষ্য করা গেছে।

Voice From PTC -----

Election-East Tripura-2 :

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ আকাশবাণীকে জানিয়েছেন, এই আসনে মোট ভোটার রয়েছেন ১৩ লক্ষ ৯৬ হাজার ৭৬১ জন। এরমধ্যে ১৮ থেকে ১৯ বছর বয়সী ভোটার রয়েছেন ৩৮ হাজার ২৪৫ জন। দিব্যাঙ্গ ভোটার ১১ হাজার ১২ জন। ৮৫ বছর উর্ধ্বে ভোটার ৮ হাজার ৯৪২ জন এবং সার্ভিস ভোটার রয়েছেন ৪ হাজার ৬৭৮ জন। পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের অধীন ৩০টি বিধানসভা ক্ষেত্রে ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ১,৬৬৪টি। এরমধ্যে মডেল ভোটগ্রহণ কেন্দ্র ৬১টি, মহিলা পরিচালিত ৬৭টি, দিব্যাঙ্গ ৩০টি এবং যুবা ভোটকর্মী দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৩০টি। এই আসনে ১৬,২৬০ জন বৃদ্ধ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

Election-East Tripura-3 :

রিটার্নিং অফিসার আরো জানান, গরমের কথা চিন্তা করে প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে পানীয় জল থেকে শুরু করে বিদ্যুৎ সব ধরনের ব্যবস্থা রাখা হয়েছে। পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা প্রদান করা হয়েছে। তাছাড়া প্রতিটি ভোট গ্রহণ কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা লাগানো হয়েছে। জেলাশাসকের কনফারেন্স হলে কন্ট্রোল রুম করা হয়েছে। যেকোনো ধরনের অভিযোগ সেখানে গ্রহণ করা হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে, প্রয়োজন হলে রিটার্নিং অফিসারকেও ফোন করা যাবে।

Election-East Tripura-4 :

পূর্ব আসনে নির্বাচনের কাজ তদারকির জন্য নির্বাচন কমিশনের সাধারণ পর্যবেক্ষক রয়েছেন ২ জন, পুলিশ পর্যবেক্ষক ২ জন এবং ১ জন ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক রয়েছেন। মাইক্রো অবজারভার রয়েছেন ১,৩৬৫ জন। ভোটারদের সুবিধার জন্য হেল্পলাইন নম্বর খোলা হয়েছে। জেলা হেল্পলাইন নম্বর হলো ১৯৫০ এবং রাজ্য হেল্পলাইন নম্বর হলো ১৮০০৩৪৫০১৯৫০।

2nd phase :

আউটার মণিপুর লোকসভা কেন্দ্রের অবশিষ্ট অংশ-সহ ১৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮টি লোকসভা আসনের জন্য আজ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। কেরালার ২০টি আসন, কর্ণাটকের ১৪টি, রাজস্থানের ১৩ট, উত্তরপ্রদেশ ও মহারাষ্ট্রের আটটি, মধ্যপ্রদেশের ছয়টি, আসাম ও বিহারে পাঁচটি আসন, পশ্চিমবঙ্গ ও ছত্তিশগড়ের তিনটি করে আসন, মণিপুর, ত্রিপুরা এবং জম্মু ও কাশ্মীরে এই পর্বে একটি করে আসনে ভোট হচ্ছে।

Derailed Disrupted Rail service :

এন.এফ রেলওয়ের লামডিং ডিভিশনের অন্তর্গত জাটিঙ্গা লামপুর এবং নিউ হারাঙ্গাজাও স্টেশনের মধ্যে একটি মালবাহী ট্রেনের ইঞ্জিন লাইনচ্যুত হওয়ার পরিপ্রেক্ষিতে ট্রেন চলাচল বিঘ্নিত হয়েছে। রেলের পদস্থ আধিকারিকরা পরিস্থিতি স্বাভাবিক করতে ঘটনাস্থলে ছুটে গেছেন। উদ্ভূত পরিস্থিতিতে বেশ কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে এবং কিছু ট্রেনের সময়সূচীর পরিবর্তন করা হয়েছে বলে গতকাল রাতে জানানো হয়।

Malaria Day :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল রাজভবনের সোলাঙ্কি হলে বিশ্ব ম্যালেরিয়া দিবস পালন অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, ম্যালেরিয়া নিয়ন্ত্রণ এবং নির্মূল করার জন্য সচেতনতা তৈরী করতে হবে। তিনি রাজ্য থেকে ম্যালেরিয়া রোগ নির্মূল করার জন্য সংশ্লিষ্ট সবাইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার আহ্বান জানান।

State wise 15 Cricket :

টিসিএ পরিচালিত অনূর্ধ্ব ১৫ বছরের রাজ্যভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতায় সদর-বি চ্যাম্পিয়ন হয়েছে। দুদিনের ফাইন্যাল খেলার শেষদিনে গতকাল বিশালগড়ের বিরুদ্ধে প্রথম ইনিংসে ১৩ রানে লিড নেয়ার সুবাদে সদর-বি খেতাব নিশ্চিত করে।

Weather :

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুত-সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজকের তাপমাত্রা সর্বোচ্চ সাঁইত্রিশ ডিগ্রি এবং সর্বনিম্ন সাতশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে।
